তারিখ 16 NOV 2016
পৃষ্ঠা ২ কলাম ২

যুগান্তর

# এসএসসি ও সমমানের পরীক্ষা ২ ফেব্রুয়ারি শুরু

যুগান্তর রিপোর্ট

এসএসসি ও সমমানের পরীক্ষা আগামী ২ ফেব্রুয়ারি শুরু হবে। প্রায় ১২ লাখ শিক্ষার্থী এই পরীক্ষায় অংশ নেবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইট moedu.gov.bd-এ পাওয়া যাবে। মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে পরীক্ষার সময়সূচি প্রকাশ করা হয়। এদিকে পরীক্ষা সামনে রেখে যেসব শিক্ষা প্রতিষ্ঠান ফরম পূরণে অতিরিক্ত অর্থ আদায় করছে সেসব প্রতিষ্ঠান অবিলম্বে বন্ধের নির্দেশ দেয়া হয়েছে। পাশাপাশি যারা বর্ধিত অর্থ নিয়েছে তাদের তা ফেরত দিতে বলা হয়েছে। ফেরত না দিলে স্কুল পরিচালনা কমিটি ভেঙে দেয়াসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা নেয়া হবে বলে বিজ্ঞপ্তিতে হুশিয়ারি দেয়া হয়েছে। ১৩ নভেম্বর দৈনিক যুগান্তরের শেষ পৃষ্ঠায় 'এসএসসির ফরম পূরণে গলাকাটা ফি' শীর্ষক একটি প্রতিবেদন প্রকাশ হয়।

পরীক্ষার সূচি অনুযায়ী ২ ফেব্রুয়ারি প্রথম দিন সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত বাংলা প্রথম পত্র পরীক্ষা অনুষ্ঠিত হবে। ৫ ফেব্রুয়ারি বাংলা দ্বিতীয় পত্র, ৭ ফেব্রুয়ারি ইংরেজি প্রথম পত্র, ৯ ফেব্রুয়ারি ইংরেজি দ্বিতীয় পত্র, ১২ ফেব্রুয়ারি গণিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১৩ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে ইসলাম ধর্ম ও নৈতিকতা, হিন্দু ধর্ম ও নৈতিকতা, বৌদ্ধ ধর্ম ও নৈতিকতা, খ্রিস্টধর্ম ও নৈতিকতা শিক্ষা পরীক্ষা। ১৪ ফেব্রুয়ারি হবে শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা পরীক্ষা। ১৬ ফেব্রুয়ারি পদার্থবিজ্ঞান, বাংলাদেশ ইতিহাস ও বিশ্বসভ্যতা, ইতিহাস, ফিন্যান্স ও ব্যাংকিং এবং ব্যবসা পরিচিতি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১৯ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে রসায়ন, পৌরনীতি ও নাগরিকতা এবং ব্যবসায় উদ্যোগ পরীক্ষা। ২০ ফেব্রুয়ারি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি পরীক্ষা। ২২ ফেব্রুয়ারি বিজ্ঞান, সাধারণ বিজ্ঞান এবং উচ্চতর গণিত পরীক্ষা। ২৩ ফেব্রুয়ারি ক্যারিয়ার শিক্ষা। ২৬ ফেব্রুয়ারি বাংলাদেশ ও বিশ্বপরিচয় এবং সামাজিক বিজ্ঞান পরীক্ষা। ২৭ ফেব্রুয়ারি ভূগোল ও পরিবেশ এবং বাণিজ্যিক ভূগোল পরীক্ষা। ২৮ ফেব্রুয়ারি জীববিজ্ঞান ও অর্থনীতি পরীক্ষা। এসব পরীক্ষা সকালে নেয়া হবে।

১ মার্চ সকাল-বিকাল দু'বেলা মোট ১৪টি বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে। এগুলোর মধ্যে আছে সকালে কৃষি শিক্ষা ও গার্হস্থ্য বিজ্ঞান এবং বিকালে কম্পিউটার শিক্ষা।

২ মার্চ সকালে হিসাববিজ্ঞান পরীক্ষার মাধ্যমে লিখিত পরীক্ষা শেষ হবে। ৪ মার্চ সঙ্গীতের মাধ্যমে ব্যবহারিক পরীক্ষা শুরু হবে। ১৬ মার্চের মধ্যেই সব ব্যবহারিক পরীক্ষা শেষ করতে হবে।